

# যুগান্তর

দৈনিক যুগান্তর, ২০১৭-০৬-১৮, পৃঃ ১৯



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্মেলন

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ প্রথমবারের মতো লিগ্যাল এডুকেশন নিয়ে তিন দিনব্যাপী (১৫-১৭ জুন) আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করে। বাংলাদেশ, ভারত, নেপাল ও শ্রীলঙ্কার ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা এ সম্মেলনে অংশ নেন। রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত এ সম্মেলনের বিভিন্ন সেশনে অতিথি হিসেবে যোগ দেন সাবেক প্রধান বিচারপতি এম তাফাজ্জাল ইসলাম, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক চেয়ারম্যান ড. মিজানুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. ফখরুল আলম, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লিবারেল আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস অনুষদের ডিন ড. ফৌজিয়া মান্নান। সম্মেলনের আস্থায়ক ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. তুরিন আফরোজ। সংবাদ বিজ্ঞপ্তি।